আজকের কাগজ

তারিখ .. 27 MAY 1993 ... ...
পৃষ্ঠা ... ২ ... ... কলাম .. ২ ...

176

# বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষার ওপর স্মারক ডাক টিকিট প্রকাশ

বাংলাদেশ ডাক বিভাগ বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা উপলক্ষে, প্রতিটি ২ টাকা মূল্যমানের ২টি টিকিট এর একসেট স্মারক ডাক টিকিট ও ৫ টাকা মূল্যের একটি উদ্বোধনী খাম প্রকাশ করেছে। এ উপলক্ষে একটি বিশেষ সীলমোহর ব্যবহার ও বিষয়টির তাৎপর্য সম্বলিত একটি লিফলেট বিতরণের ব্যবস্থা করেছে। প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া আজ আনুষ্ঠানিকভাবে এ স্মারক ডাক টিকিট অবমুক্ত করেন।

সমাজকল্যাণ ও মহিলা বিষয়ক মন্ত্রী এবং ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত মন্ত্রী তরিকুল ইসলাম, প্রধানমন্ত্রীর মুখ্য সচিব কে এম রব্বানী, ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রালয়ের সচিব ডঃ এ এম এম শওকত আলী, প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের সচিব কাজী রকিব উদ্দিন আহম্মদ, ডাক বিভাগের মহাপরিচালক এ বি এম সিদ্দিক এবং ডাক বিভাগের অতিরিক্ত মহাপরিচালকসহ অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তারা উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। খবর তথ্য বিবরণী।